

মহান বিজয় দিবস-২০২০ উপলক্ষে জাতীয় স্মৃতিসৌধে শ্রদ্ধাঞ্জলি নিবেদন



১৬ ডিসেম্বর ২০২০, বুধবার 'মহান বিজয় দিবস-২০২০' উপলক্ষে সকালে সূর্যোদয়ের সাথে সাথে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে জাতীয় সঙ্গীত পরিবেশনের মাধ্যমে জাতীয় পতাকা উত্তোলন করা হয়। এরপর, জাতীয় স্মৃতিসৌধে মহান মুক্তিযুদ্ধে বীর শহীদদের প্রতি শ্রদ্ধা জানাতে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান-এর পক্ষে পুষ্প স্তবক অর্পণ করেন প্রক্টর ড. মোস্তফা কামাল।

এরপর জগন্নাথ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির পক্ষে শ্রদ্ধাঞ্জলি নিবেদন করা হয়। এসময় জগন্নাথ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ড. মোঃ নূরে আলম আব্দুল্লাহ, সাধারণ সম্পাদক অধ্যাপক ড. শামীমা বেগম, অনুজীব বিজ্ঞান বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. মোঃ জাকারিয়া মিয়া, সহকারী প্রক্টরবৃন্দ, বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা, বিশ্ববিদ্যালয়ের সাংবাদিক প্রতিনিধি ও কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন। ক্যাম্পাসে প্রত্যাবর্তনের পর দিনব্যাপী বিভিন্ন মুক্তিযুদ্ধ



জগন্নাথ বিশ্ববিদ্যালয়
Jagannath University



ও দেশাত্ত্ববোধক গান পরিবেশিত হয়। এ উপলক্ষে বিশ্ববিদ্যালয়ের প্রধান প্রধান ভবনসমূহ আলোক সজ্জায় সজ্জিত করা হয়।

এছাড়াও ১৪ ডিসেম্বর শহীদ বুদ্ধিজীবী ও মহান স্বাধীনতা যুদ্ধে শহীদদের আত্মার মাগফেরাত কামনা করে আজ জগন্নাথ বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় জামে মসজিদে বাদ যোহর কোরআনখানি ও মিলাদ মাহফিলের আয়োজন করা হয়। উল্লেখ্য, এ বছর মহামারী করোনা ভাইরাস (কেভিড-১৯) পরিস্থিতির কারণে সরকারি স্বাস্থ্যবিধি মেনে এবং সামাজিক দূরত্ব বজায় রেখে মহান বিজয় দিবস পালন করা হচ্ছে।